



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন ৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২৪.১৮-১৮৮


তারিখ: ২৫/০৯/২০১৮ খ্রি:

বিষয়: ব্যাখ্যা তলব।

সূত্র: ৪৭.৬২.৬৫৭৬.১০৬.১৬.০৫২.১৩-৮১ তারিখ: ১৩/০৯/২০১৮খ্রি:

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনাকে স্মারক নং ১৪৫ তারিখ: ০৯/০৯/১৮ খ্রি: মূলে ব্যাখ্যা তলব করা হলে সূত্রোক্ত স্মারক মূলে আপনি যে জবাব প্রেরণ করেছেন তা সন্তোষজনক নয়। আপনার বিরুদ্ধে তদন্তে প্রাপ্ত অভিযোগসমূহ (সংযুক্ত ১) সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়া সত্ত্বেও আপনি দায়সাদা/ অস্পষ্ট জবাব প্রদান করেছেন যা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের ভিত্তিতে আপনার বিরুদ্ধে কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার দফাওয়ারী বিস্তারিত জবাব আগামী ৩০/০৯/২০১৮খ্রি: এর মধ্যে দাখিলের জন্য নির্দেশক্রমে বলা হলো।

সংযুক্ত : বর্ণনামতে


মোহাম্মদ আতিকুর রহমান
উপপ্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন: ৮১৮০১৪৩

জনাব মোঃ নাজমুল ইসলাম
মাঠ সংগঠক
ইরেসপো, বিআরডিবি
সদর, নড়াইল

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: মেহেন্দীগঞ্জ/ নড়াইল সদর জেলা: বরিশাল/ নড়াইল।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: মেহেন্দীগঞ্জ/নড়াইল সদর জেলা: বরিশাল/নড়াইল।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলা: বরিশাল/নড়াইল।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।

মাঠ সংগঠক জনাব মোঃ নাজমুল ইসলাম এর বিরুদ্ধে অভিযোগ সমূহ

১। উত্তরচর ও উত্তরচর শাপলা মহিলা সমিতির অধিকাংশ সদস্যের ঋণ বিতরণ ফর্মের সাথে দাখিলকৃত জাতীয় পরিচয়পত্র এ উল্লেখিত ঠিকানা সঠিক নয় এবং বেশ কিছু সদস্য অন্য উপজেলার বাসিন্দা মর্মে প্রমাণ রয়েছে।

২। আপনি মেহেন্দীগঞ্জ উপজেলায় উত্তর গোবিন্দপুর মহিলা সমিতির সদস্য সাবিনা ইয়াছমিন (১০০৬৬২-১২-১১) কে বিগত ২৪/০১/২০১৬ খ্রিঃ এ বিতরণকৃত ঋণ ২০,০০০/- টাকা এমআইএস সফটওয়্যারে পরিশোধ দেখিয়ে ১১/০১/২০১৭ খ্রিঃ এ পুনরায় ২৫,০০০/- টাকার ঋণ বিতরণ দেখানো হয়েছে। সদস্য সাবিনা ইয়াছমিন ইতিপূর্বে ২০,০০০/- বিতরণকৃত ঋণের চারটি কিস্তি পরিশোধের পর বকেয়া ছিল ১৯,৯৮০/- টাকা, উত্তোলনকৃত লোনের টাকা এমআইএস সফটওয়্যার এ পরিশোধ দেখানোর পর ২৫,০০০.০০-১৯৯৮০.০০=৫,০২০.০০ টাকা নিজে আত্মসাৎ করেছেন। কিন্তু সদস্যের পাশ বইতে বর্তমানে অপরিশোধিত ১৯৯৮০/- টাকা আর প্রকল্পের এমআইএস সফটওয়্যারের তথ্য অনুযায়ী সাবিনা ইয়াছমিনের নামে অপরিশোধিত রয়েছে ২৭৭৫০/- টাকা। অর্থাৎ সদস্যের অজান্তে পুনরায় ঋণ বিতরণ করে দুর্নীতির আশ্রয় নিয়েছেন।

৩। আপনি অনিয়মতান্ত্রিকভাবে উত্তর গোবিন্দপুর মহিলা সমিতির সদস্য সাবিনা ইয়াছমিন (১০০৬৬২-১২-১১) কে উক্ত সমিতির ৮ জনের (সাবিনা ইয়াছমিন(১০০৬৬২-১২-১১), তাছলিমা বেগম-২(১০০৬৬২-০৪-০১), নুরনহার-২(১০০৬৬২-০৪-২৩), মিনারা বেগম-০১(১০০৬৬২-০৪-১১), আছমা বেগম(১০০৬৬২-০৪-০৯), মুন্নি বেগম(১০০৬৬২-০৪-২৬), আছিয়া খাতুন(১০০৬৬২-০৪-০২) ও ফাতেমা) বিতরণকৃত ঋণের অর্থ দিয়েছেন মর্মে সদস্য লিখিতভাবে জানিয়েছেন।

৪। আপনি অনিয়মতান্ত্রিকভাবে গোবিন্দপুর মহিলা সমিতির সদস্য শাহিনা বেগম (১০০৬৬২-০৪-০৮) কে নিজের নামে ২৫,০০০/- টাকা ছাড়াও গোবিন্দপুর শাপলা মহিলা সমিতির সদস্য সান্তা বেগম এবং শারমিনের নামে বিতরণ কৃত ৪০,০০০/- টাকা দিয়েছেন মর্মে সদস্য লিখিতভাবে জানিয়েছেন।

৫। আপনি অনিয়মতান্ত্রিকভাবে উত্তরচর মহিলা সমিতির সদস্য জাহানারা বেগম(১০০৬৬২-৪২-০৫) কে উক্ত সমিতি ও অন্য সমিতির মোট ০৭ জন সদস্যের নামে বিতরণকৃত ঋণ দিয়েছেন মর্মে সদস্য লিখিতভাবে জানিয়েছেন।

৬। গোবিন্দপুর শাপলা মহিলা সমিতির সদস্য সুমা বেগম (১০০৬৬২-০৫-১৬) এর নামে ঋণ বিতরণ ও এমআইএস সফটওয়্যারে পোস্টিং হলেও ঋণ বিতরণী সনদপত্রে তার স্বাক্ষর নেই। সদস্য সুমা বেগম এর নিকট কোন পাশ বই নেই। পাশ বইটি অফিসে পাওয়া গেছে। উপজেলা হতে প্রাপ্ত তথ্য মতে বিতরণকৃত ২০,০০০/- টাকা সদস্যকে না দিয়ে মোঃ জিল্লুর রহমান প্রকল্পের হিসাব সহকারী মোঃ ইসা খানকে দিয়েছেন।

৭। আপনার এ সকল অনিয়মতান্ত্রিক কার্যকলাপের জন্য উক্ত উপজেলায় ৬৪১৭৮০.০০ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে।

for

[Signature]
25/01/20